

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
মেট্রোরেল ভবন
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল লাইনের সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করা হয়েছে।

MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

বিমানবন্দর থেকে কমলাপুর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল মেট্রোরেল লাইন ও ১২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট বিমানবন্দর রুট এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মেট্রোরেল লাইন এবং ৭টি উড়াল ও ২টি পাতাল মেট্রোরেল স্টেশন বিশিষ্ট পূর্বাচল রুট সমন্বয়ে মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 এর নির্মাণ কাজ গত ০২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ শুরু করা হয়েছে। MRT Line-1 এর নির্মাণ কাজ মোট ১২টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। **বিমানবন্দর রুটেই বাংলাদেশের প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হচ্ছে।**

প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:

- কন্ট্রাক্ট প্যাকেজ CP-01 এর আওতায় নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ মৌজায় ৩৫.৯০ হেক্টর বা ৮৮.৭১ একর ভূমিতে MRT Line-1 এর ডিপোর ভূমি উন্নয়ন কাজ গত ০১ মার্চ ২০২৩ তারিখ থেকে শুরু হয়ে চুক্তিতে নির্ধারিত সময় ৩১ আগস্ট ২০২৫ তারিখের পূর্বেই সম্পন্ন হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-02 এর প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। গত ২১ মে ২০২৫ তারিখে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন ও খসড়া চুক্তিপত্রের উপর জাইকা হতে অনাপত্তি পাওয়া গেছে। বর্তমানে ক্রয় প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-03 এর দরপত্র গত ২৫ মার্চ ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। কোন প্রি-কোয়ালিফাইড বিডার দরপত্র দাখিল না করার প্রেক্ষিতে পুনঃদরপত্র আহ্বান প্রক্রিয়া চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-04 এর দরপত্রের আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ২১ জুলাই ২০২৫ তারিখ জাইকা হতে concurrence পাওয়া গেছে। আগামী ০৪ আগস্ট ২০২৫ তারিখ হতে ১ম সর্বনিম্ন দরদাতার সাথে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন শুরু হবে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-05 এর প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। গত ১২ মে ২০২৫ তারিখে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন ও খসড়া চুক্তিপত্রের উপর জাইকা হতে অনাপত্তি পাওয়া গেছে। বর্তমানে ক্রয় প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-06 এর দরপত্রের আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রতিবেদনের উপর গত ১৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ জাইকা হতে concurrence পাওয়া গেছে। বর্তমানে ১ম সর্বনিম্ন দরদাতার সাথে প্রি-কন্ট্রাক্ট নেগোসিয়েশন চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-07 এর দরপত্রের আর্থিক প্রস্তাব গত ১২ আগস্ট ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে আর্থিক প্রস্তাব মূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-08 এর গত ১৭ এপ্রিল ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে এবং বর্তমানে দরপত্রসমূহের কারিগরি প্রস্তাব মূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-09 এর দরপত্রের আর্থিক প্রস্তাব গত ২৯ জুলাই ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে আর্থিক প্রস্তাব মূল্যায়নের কাজ চলমান রয়েছে।

- কন্ট্রাক্ট প্যাকেজ CP-10 এর দরপত্রের আর্থিক প্রস্তাব গত ৩০ জুন ২০২৫ তারিখ উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে আর্থিক প্রস্তাব মূল্যায়নের কাজ চলমান রয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-11 এর দরপত্র গত ০৯ জানুয়ারি ২০২৫ তারিখ আহ্বান করা হয়েছে এবং আগামী ৩০ অক্টোবর ২০২৫ দরপত্র উন্মুক্তকরণের তারিখ নির্ধারণ করা হয়েছে।
- কন্ট্রাক্ট প্যাকেজ CP-12 এর দরপত্র গত ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ আহ্বান করা হয়েছে এবং আগামী ২০ অক্টোবর ২০২৫ দরপত্র উন্মুক্তকরণের তারিখ নির্ধারণ করা হয়েছে।